



'সমানো মন্ত্র: সমিতি: সমানী'

UNIVERSITY OF NORTH BENGAL

B.A. Honours Part-II Examination, 2022

বাংলা

তৃতীয় পত্র

Time Allotted: 4 Hours

Full Marks: 100

পাঠ্যসূত্র সংখ্যা প্রশ্নের পূর্ণমান নির্দেশক।
পরীক্ষার্থীরা যথাসম্ভব নিজের ভাষায় নির্দিষ্ট শব্দসীমার মধ্যে উত্তর করিবে।

১। (ক) 'চেতনাপ্রবাহ রীতি' বলতে কী বোঝায়? বাংলা উপন্যাসে চেতনাপ্রবাহ রীতি কাদের লেখায়, কীভাবে অনুসৃত হয়েছে আলোচনা করো। ১০

অথবা

সামাজিক উপন্যাস কাকে বলে? সামাজিক উপন্যাসের বৈশিষ্ট্যগুলি উল্লেখ করে একটি সামাজিক উপন্যাসের সার্থকতা বিচার করো।

(খ) একটি বাংলা আঞ্চলিক উপন্যাস বিশ্লেষণ করে আঞ্চলিক উপন্যাসের বৈশিষ্ট্যগুলির পরিচয় দাও। ১০

অথবা

ছোটগল্প ও উপন্যাসের মধ্যে পার্থক্য উদাহরণসহ বুঝিয়ে দাও।

২। নিম্নলিখিত প্রশ্নগুলির উত্তর দাওঃ

(ক) রজনী ও লবঙ্গলতা চরিত্রের তুলনামূলক আলোচনা করো। ১৬

অথবা

'রজনী' উপন্যাসের নায়ক কে? বিশ্লেষণ করো।

(খ) 'চোখের বালি' উপন্যাসের নামকরণের সার্থকতা বিচার করো। ১৬

অথবা

'চোখের বালি' উপন্যাসে পত্র ব্যবহার কতখানি সার্থক হয়েছে? আলোচনা করো।

(গ) 'পল্লীসমাজ' উপন্যাসে বিশ্বেশ্বরী চরিত্রটি কতটা আকর্ষণীয় হয়ে উঠেছে? তোমার উত্তরের সপক্ষে যুক্তি দাও। ১৬

অথবা

'পল্লীসমাজ' উপন্যাসের অপ্রধান চরিত্রগুলির সার্থকতা বিচার করো।

৩। নিম্নলিখিত যে-কোনো তিনটি প্রশ্নের উত্তর দাওঃ

৪×৩ = ১২

(ক) রজনী চরিত্রটির উপর সন্ন্যাসীর প্রভাব অতি সংক্ষেপে লেখো।

(খ) 'চোখের বালি' উপন্যাসের সমাপ্তি কীভাবে ঘোষিত হয়েছে? তা সংক্ষেপে তুলে ধরো।

- (গ) কোন্ নীতিকথার উপর নির্ভর করে বঙ্কিমচন্দ্র রজনী উপন্যাসের মূল কাহিনী গড়ে তুলেছেন ?
- (ঘ) “ও ডালে ডালে বেড়ায়, আমি পাতায় পাতায় ফিরি য়ো।” — একথা কে, কাকে, কার সম্পর্কে বলেছিলেন ? কোন্ প্রসঙ্গে একথা বলা হয়েছে ?
- (ঙ) “এ ঘরে আজ সে অতিথিমাত্র।” — কার সম্পর্কে বলা হয়েছে ? বক্তার মানসিক অবস্থার পরিচয় দাও।

৪। (ক) ‘মেঘ ও রৌদ্র’ গল্পে শশীভূষণ চরিত্রটি বিশ্লেষণ করো। ১০

অথবা

‘কঙ্কাল’ গল্পে আধুনিক প্রেম-মনস্তত্ত্ব কতখানি প্রকাশিত হয়েছে তার বিবরণ দাও।

(খ) হাস্যরসাত্মক গল্প হিসেবে ‘বলবান জামাতা’ গল্পের সার্থকতা নিরূপণ করো। ১০

অথবা

“ত্রৈলোক্যনাথের জীবন অভিজ্ঞতার লক্ষ্মীভাণ্ডার ডমরুচরিত।” — ‘স্বদেশী কোম্পানী’ গল্প অবলম্বনে আলোচনা করো।

—×—